# TRIPURA LEGISLATIVE ASSEMBLY

## 9th Session

**PROVISIONAL LIST OF QUESTIONS FOR WRITTEN ANSWERS**
**[VIDE RULE - 50]**

**MONDAY, THE 23rd MARCH, 2026**

----

**TOTAL NUMBER OF QUESTIONS - 9**

----

### 207 - পুলিশ ফাঁড়ি নির্মাণ সম্পর্কিত তথ্য।

291 **Shri Nayan Sarkar (Bamutia) :**
**Smt. Swapna Das Paul (Surma) :**

Will the Hon'ble Minister in-charge of the **Home** Department be pleased to state –

1. রাজ্যে নতুন করে থানা ও পুলিশ ফাঁড়ি গড়ার দপ্তরের কোন পরিকল্পনা আছে কি না; থাকলে, কোথায় কোথায়; এবং
2. সুরমা বিধানসভা নির্বাচনী কেন্দ্রের অন্তর্গত শান্তিরবাজার এলাকায় একটি পুলিশ ফাঁড়ি স্থাপন করার কোন পরিকল্পনা দপ্তরের আছে কিনা?

### 243 - সড়ক দুর্ঘটনা সম্পর্কিত তথ্য।

292 **Shri Nirmal Biswas (Khowai) :**
**Shri Sudip Roy Barman (Agartala) :**
**Shri Nayan Sarkar (Bamutia) :**
**Shri Shyamal Chakraborty (Sonamura) :**
**Shri Birajit Sinha (Kailashahar) :**

Will the Hon'ble Minister in-charge of the **Home (Police)** Department be pleased to state –

1. গত তিন বছরে রাজ্যে মোট কয়টি সড়ক অথবা যান দুর্ঘটনা হয়েছে (বৎসর ভিত্তিক তথ্য);
2. উক্ত সময়ে সড়ক দুর্ঘটনাগুলিতে কত সংখ্যক লোক নিহত ও আহত হয়েছে (বৎসর ভিত্তিক তথ্য);
3. সড়ক দুর্ঘটনা হ্রাসে গত দুই বছরে দপ্তরের তরফ থেকে কি কি উদ্যোগ নেওয়া হয়েছে?

### 244 - মানব পাচার সম্পর্কিত তথ্য।

**293 Shri Sudip Roy Barman (Agartala) :**
**Shri Jitendra Chaudhury (Sabroom) :**
**Shri Nirmal Biswas (Khowai) :**

Will the Hon'ble Minister in-charge of the **Home** Department be pleased to state –

1. ১লা মার্চ ২০২৪ ইং থেকে ১৫ই ফেব্রুয়ারী ২০২৬ ইং পর্যন্ত রাজ্য থেকে মোট কত সংখ্যক মানব পাচার (নারী ও পুরুষ) অন্য রাজ্যে ও অন্য দেশে পাচারের ঘটনা ঘটেছে এবং তাদের মধ্যে কতজনকে এখন পর্যন্ত উদ্ধার করা সম্ভব হয়েছে;
2. উক্ত ঘটনার সাথে যুক্ত অপরাধীদের মধ্যে কতজনকে এখন পর্যন্ত গ্রেপ্তার করতে সক্ষম হয়েছে এবং তাদের মধ্যে কতজনকে দোষী সাব্যস্ত করে নির্দিষ্ট আইনে শাস্তি প্রদান করা হয়েছে; এবং
3. মানব পাচারের মত এই জঘন্য সামাজিক অপরাধ নিরসনে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

----

### 345 - খোয়াই বিধানসভা এলাকার রাস্তা সম্পর্কে।

**294 Shri Nirmal Biswas (Khowai)**:

Will the Hon'ble Minister in-charge of the **Public Works (Roads & Bridges)** Department be pleased to state –

1. খোয়াই বিধানসভা কেন্দ্র এলাকায় **PWD** দপ্তরের অধীনে কোন কোন রাস্তা রয়েছে;
2. ঐ রাস্তাগুলির মধ্যে কোন রাস্তা কত কিঃমিঃ;
3. গত ৩ বছরে নতুন করে দপ্তরের উদ্যোগে কোন রাস্তা নির্মান করা হয়েছে কিনা;
4. ২০২৩-২৪, ২০২৪-২৫, ২০২৫-২৬ এই তিনটি অর্থবছরে কোন কোন রাস্তার সংস্কার করা হয়েছে এবং কত অর্থ ব্যয় করা হয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব);

----

### 348 - TSR বাহিনীর পদোন্নতি ও নীতি সম্পর্কে।

**295 Shri Sudip Roy Barman (Agartala):**

Will the Hon'ble Minister in-charge of the **Home (Police)** Department be pleased to state –

1. রাজ্যের TSR বাহিনীর এনরোল্ড ফলোয়ার্সদের সর্বশেষ কবে পদোন্নতি প্রদান করা হয়েছে; নির্ধারিত সময়ান্তরে তাদের পদোন্নতি প্রদানের কোনো নীতি বা পরিকল্পনা আছে কি না;
2. TSR বাহিনীকে বহিরাজ্যে মোতায়েনের মাধ্যমে ২০২৩-২৪, ২০২৪-২৫ অর্থবর্ষে এবং বর্তমান অর্থবর্ষে রাজ্য কোষাগারে মোট কত অর্থ জমা হয়েছে (অর্থবর্ষভিত্তিক হিসাব); এবং
3. কেন্দ্রীয় প্যারামিলিটারি বাহিনীর ন্যায় TSR বাহিনীদের সমতুল্য বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা কবে নাগাদ কার্যকর করা হবে?

----

### 349 - বেআইনী ভাবে নথিভুক্ত পরচা সম্পর্কিত তথ্য।

**296 Shri Sudip Roy Barman (Agartala):**

Will the Hon'ble Minister in-charge of the **Revenue** Department be pleased to state –

1. পশ্চিম ত্রিপুরা ও সিপাহীজলা জেলায় বর্তমানে কতটি ক্ষেত্রে একজন ব্যক্তির নামে থাকা সম্পত্তি বেআইনীভাবে অন্য ব্যক্তির নামে পরচা প্রস্তুত করা হয়েছে-এ মর্মে মোট কতটি অভিযোগ নথিভুক্ত হয়েছে;
2. উক্ত অভিযোগগুলির মধ্যে- ক) কতটি অভিযোগের তদন্ত সম্পন্ন হয়েছে, খ) কতটি ক্ষেত্রে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে, এবং গ) কতজন দোষী ব্যক্তিদের সনাক্ত করা হয়েছে;
3. পশ্চিম ত্রিপুরা ও সিপাহীজলা জেলায় চিট ফান্ড সংস্থার নামে মোট কত পরিমাণ স্থাবর সম্পত্তি নথিভুক্ত রয়েছে-মৌজা, মহকুমা, খতিয়ান নম্বর ও প্লট নম্বরসহ বিস্তারিত বিবরণ?

----

## 350 - ছাত্র-ছাত্রীদের খেলার সুব্যবস্থা সম্পর্কিত তথ্য।

**297 Smt. Swapna Das Paul (Surma):**

Will the Hon'ble Minister in-charge of the **Youth Affairs & Sports** Department be pleased to state –

1. ৪৬ সুরমা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মরাছড়া পি.এম.শ্রী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠটিকে ছাত্র-ছাত্রীদের খেলার সুব্যবস্থা করার কোন পরিকল্পনা দপ্তরের আছে কি না?

----

## 352 - পুরুষ ও মহিলা কয়েদী ও জেলখানার কর্মী সম্পর্কে।

**298 Shri Sudip Roy Barman (Agartala):**

Will the Hon'ble Minister in-charge of the **Home (Jail)** Department be pleased to state –

1. বর্তমানে জেলাভিত্তিক কতজন পুরুষ ও মহিলা কয়েদী এবং কতজন পদভিত্তিক জেলকর্মী কর্মরত রয়েছে;
2. প্রচলিত গাইডলাইন অনুযায়ী একটি জেলখানায় কোন কোন স্তরের কতজন কর্মী থাকা আবশ্যক এবং বর্তমানে কতজন কর্মী কর্মরত অবস্থায় আছেন (জেল ভিত্তিক তথ্য);
3. গত তিন অর্থবছরে বিভিন্ন জেলখানা থেকে মোট কতজন কয়েদী পালিয়েছে?

----

357 - বন্যা মোকাবিলায় আর্থিক সহায়তা সম্পর্কিত তথ্য।

**299** **Shri Sudip Roy Barman (Agartala)**:

Will the Hon'ble Minister in-charge of the **Relief & Rehabilitation** Department be pleased to state –

1. ২০২৪ সালের আগস্ট মাসে ঘটে যাওয়া বন্যা মোকাবিলায় রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের নিকট কত আর্থিক সহায়তা চেয়েছিল এবং বিপরীতে কেন্দ্রীয় সরকার কত অর্থ মঞ্জুর ও প্রদান করেছে;
2. উক্ত বন্যায় রাজ্যে মোট কতজন মানুষের মৃত্যু হয়েছে এবং মৃতদের পরিবারের জন্য সরকার কি পরিমান আর্থিক সহায়তা প্রদান করেছে;
3. উক্ত বন্যায় রাজ্যে মোট কত পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে এবং তাদের মধ্যে কত সংখ্যক পরিবারকে ত্রাণ ও আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে;
4. উক্ত বন্যায় ক্ষতিগ্রস্ত ঘরবাড়ি ও সরকারি অবকাঠামো মেরামত ও পুনর্গঠনের জন্য এখন পর্যন্ত রাজ্য সরকার কত অর্থ ব্যয় করেছে?

----

**(A.K. NATH)** 20/3/26
**SECRETARY**
**TRIPURA LEGISLATIVE ASSEMBLY**

**DATE, AGARTALA**
**THE 20th MARCH, 2026**